

উড়োজাহাজে বন্ধ এসি! ঘাম মুছতে টিস্যু দিচ্ছেন সেবিকা

- A Monitor Desk Report

Date: 07 August, 2023



ইন্ডিগো এয়ারলাইনের একটি ফ্লাইটে উড়োজাহাজে এসি নেই, ঘাম মুছতে যাত্রীদের বিতরণ করা হচ্ছে টিস্যু। এমন অভিজ্ঞতার কথা টুইটারে শেয়ার করেছেন কংগ্রেস নেতা অমরিন্দর সিং রাজা। মুহুর্তে ভাইরাল হয়েছে সেই ভিডিও।

এতে দেখা যাচ্ছে, যাত্রীরা লিফলেট, হালকা কাগজ-জাতীয় কিছুকে হাতপাখা বানিয়ে তা দিয়ে নিজেদের হাওয়া করে চলেছেন। পরিস্থিতি দেখে মনে হচ্ছে হয়তো শীতাতপ নিয়ন্ত্রিত নয় উড়োজাহাজটি। কিছুক্ষণ পর এক উড়োজাহাজ সেবিকাকে দেখা যায় যাত্রীদের সকলকে ঘাম মোছার জন্য টিস্যু বিলি করছেন।

পাঞ্জাব কংগ্রেস কমিটির সভাপতি অমরিন্দর সিং রাজা টুইটে বলেন, ‘একটি ইন্ডিগো উড়োজাহাজ ৬উ৭২৬১-এ চণ্ডীগড় থেকে জয়পুর ভ্রমণ করার সময় সবচেয়ে ভয়ঙ্কর অভিজ্ঞতার মধ্যে একটি। ফ্লাইটের যাত্রীদের জন্য এটি একটি ভয়ঙ্কর ৯০ মিনিট ছিল কারণ তাদের শীতাতপ নিয়ন্ত্রণ ছাড়াই উড়োজাহাজের ভেতরে বসতে দেওয়া হয়েছিল।’

আরও পড়ুন: [ফেসবুকে ছড়িয়ে পড়া ক্রু নিয়োগের সার্কুলার ভুয়া, সতর্ক করল বিমান](#)

এই বিষয়ে অভিযোগ করে কংগ্রেস নেতা বলেন, প্রথমে যাত্রীদের প্রচণ্ড গরমে প্রায় ১০-১৫ মিনিটের জন্য লাইনে অপেক্ষা করতে বাধ্য করা হয়। পরে এসি চালু না করেই ফ্লাইটটি ছেড়েছিল। ফ্লাইটের সময় কেউই গুরুতর উদ্বেগের কথা বলেনি। আসলে, এয়ার হোস্টেস যাত্রীদের ঘাম মুছতে ‘উদারভাবে’ টিস্যু পেপার বিতরণ করেছিলেন।

-B